

জনতা ব্যাংক লিমিটেড
প্রধান কার্যালয়, ঢাকা।
www.janatabank-bd.com

ফরেন ট্রেড ডিপার্টমেন্ট-ইম্পোর্ট
ফোন : ৯৫৫৯৬২৩, ৫৫১১০০০৪

এফ.ডি.সাকুলার নং- ২২৭

তারিখঃ- ২২ নভেম্বর ২০১৭ খ্রিষ্টাব্দ
০৮ অগ্রহায়ন ১৪২৪ বঙ্গাব্দ


সকল মহাব্যবস্থাপক/উপ-মহাব্যবস্থাপক/
একান্ত সচিব,সিইও এন্ড এমডি এবং সকল উপ ব্যবস্থাপনা পরিচালক
সকল সহকারী মহাব্যবস্থাপক এবং ব্যবস্থাপক
জনতা ব্যাংক লিমিটেড
প্রধান কার্যালয়ের সকল ডিভিশন ও ডিপার্টমেন্ট/বিভাগীয় কার্যালয়
লোকাল অফিস/জনতা ভবন কর্পোরেট শাখা/এরিয়া অফিস/সকল শাখা
এবং সকল সাবসিডিয়ারী কোম্পানী।


বিষয়ঃ স্টিল শিল্পের অন্তর্ভুক্ত টিন ও রড উৎপাদন প্রক্রিয়ায় ব্যবহৃত ০৪টি প্রধান কাঁচামাল আমদানিকল্পে ৩৬০দিন বিলম্বে
মূল্য পরিশোধ সুবিধায় ঋণপত্র স্থাপন প্রসঙ্গে।

জনাব,

শিরোনামীয় বিষয়ে বৈদেশিক মুদ্রা নীতি বিভাগ,বাংলাদেশ ব্যাংক,প্রধান কার্যালয়,মতিঝিল,ঢাকা-১০০০ এর এফ ই সাকুলার নং-৩৯
তারিখ: ১ অগ্রহায়ন,১৪২৪/১৫ নভেম্বর, ২০১৭ এর প্রতি সকলের দৃষ্টি আকর্ষণ করা যাচ্ছে (কপি সংযুক্ত)।

এমতাবস্থায়, বৈদেশিক মুদ্রা নীতি বিভাগ,বাংলাদেশ ব্যাংক,প্রধান কার্যালয়,মতিঝিল,ঢাকা-১০০০ এর এফ ই সাকুলার নং-৩৯ তারিখ: ১
অগ্রহায়ন,১৪২৪/১৫ নভেম্বর, ২০১৭ এর জারীকৃত নির্দেশনা যথাযথভাবে পরিপালনের জন্য অত্র ব্যাংকের সকল এডি শাখাসহ সংশ্লিষ্ট
সকলকে পরামর্শ প্রদান করা হলো।


(মাসুদুল বারী)
উপ মহাব্যবস্থাপক


(মোহাম্মদ ফখরুল আলম)
মহাব্যবস্থাপক

বৈদেশিক মুদ্রা নীতি বিভাগ
বাংলাদেশ ব্যাংক
প্রধান কার্যালয়
ঢাকা-১০০০।
www.bb.org.bd


Mr. Fayezul - Spd

এফ ই সার্কুলার নম্বর-৩৯

১ অগ্রহায়ন, ১৪২৪
তারিখ : -----
১৫ নভেম্বর, ২০১৭

বৈদেশিক মুদ্রায় লেনদেনে নিয়োজিত
সকল অনুমোদিত ডিলার ব্যাংকের
প্রধান কার্যালয়/প্রিন্সিপাল অফিস।

প্রিয় মহোদয়গণ,

স্টিল শিল্পের অন্তর্ভুক্ত টিন ও রড উৎপাদন প্রক্রিয়ায় ব্যবহৃত ০৪টি প্রধান কাঁচামাল আমদানিকল্পে ৩৬০দিন
বিলম্বে মূল্য পরিশোধ সুবিধায় ঋণপত্র স্থাপন প্রসঙ্গে।

গাইডলাইন্স ফর ফরেন এক্সচেঞ্জ ট্রানজেকশন্স (GFET)-২০০৯, ভলিউম-১ এর অধ্যায়-৭ এর অনুচ্ছেদ ৩৩(এ) এর প্রতি
বৈদেশিক মুদ্রায় লেনদেনে নিয়োজিত অনুমোদিত ডিলার ব্যাংকের মনোযোগ আকর্ষণ করা যাচ্ছে, যেখানে অনুমোদিত ডিলার ব্যাংকসমূহকে
নিজস্ব শিল্প প্রতিষ্ঠানে ব্যবহৃত কাঁচামাল আমদানির লক্ষ্যে ১৮০দিন বিলম্বে মূল্য পরিশোধ ব্যবস্থায় ঋণপত্র স্থাপনের প্রাধিকার দেয়া হয়েছে।

০২। এ মর্মে সিদ্ধান্ত গৃহীত হয়েছে যে, স্টিল শিল্পের অন্তর্ভুক্ত টিন (Flat Steel) ও রড (Long Steel) উৎপাদন প্রক্রিয়ায়
ব্যবহৃত ০৪টি প্রধান কাঁচামাল যথা-এইচ আর কয়েল, ক্র্যাপ, পিগ আয়রন ও স্পঞ্জ আয়রন নিজস্ব কারখানায় ব্যবহারের লক্ষ্যে সংশ্লিষ্ট
প্রতিষ্ঠানসমূহ সর্বোচ্চ ৩৬০দিন বিলম্বে মূল্য পরিশোধ সুবিধায় আমদানি করতে পারবে মর্মে আপনাদেরকে অবহিত করা যাচ্ছে।

০৩। এ নির্দেশনা অবিলম্বে কার্যকর হবে এবং অনুগ্রহপূর্বক সংশ্লিষ্ট সকলকে বিষয়টি অবহিত করবেন।

আপনাদের বিশ্বস্ত,



(মোঃ আব্দুল মান্নান)
উপ মহাব্যবস্থাপক
ফোনঃ ৯৫৩০৩১৯